



আর্থিক অপব্যবহার সম্পর্কে।

আর্থিক অপব্যবহার কি?

আর্থিক প্রভাবের মাধ্যমে অন্য ব্যক্তির উপর ক্ষমতা ও নিয়ন্ত্রণ লাভের চেষ্টা করা হলে আর্থিক অপব্যবহার ঘটে থাকে। আর্থিক অপব্যবহার মানুষকে ন্যায়বিহীন সম্পর্কের ফাঁদে ফেলতে পারে, এবং তারা সেখান থেকে বের হতে চাইলে নিজেকে নিরাপদে রাখার সিদ্ধান্তের উপরও প্রভাব ফেলতে পারে।

এটা কতটা সাধারণ?

অস্ট্রেলিয়াতে, নারীদের মধ্যে ১৬% পর্যন্ত তাদের জীবদ্দশায় একবার আর্থিক অপব্যবহারের অভিজ্ঞতার সম্মুখীন হবেন এবং পুরুষেরাও এতে অনেকেংশে প্রভাবিত হতে পারে।

সব রকমের আর্থসামাজিক, জাতির এবং লিঙ্গের মানুষেরা আর্থিক অপব্যবহারের দ্বারা প্রভাবিত হতে পারে। অক্ষম বা দীর্ঘমেয়াদী অসুখে আক্রান্ত নারীদের মধ্যে আর্থিক অপব্যবহারের হার সাধারণ জনগণের চাইতে উল্লেখযোগ্য হারে বেশি পরিমাণে পরিলক্ষিত হয়।

আর্থিক অপব্যবহারের শনাক্তকরণ

এত ব্যাপকতা সত্ত্বেও, আর্থিক অপব্যবহারের কারণ শনাক্ত করা কঠিন হতে পারেঃ



অনেকেই নিজেকে আর্থিক অপব্যবহারের জনিত সম্পর্কে জড়িয়ে পরাকে জটিল মনে করেন।



অর্থের অপব্যবহার অতি ধীরে ধীরে এবং সময়সাপেক্ষভাবে অগ্রসর হয়ে থাকে।



কিছু সংস্কৃতিতে, একজন ব্যক্তিই পরিবারের সব কিছু দেখভালের নিয়ন্ত্রণকে গ্রহণযোগ্য বলে বিবেচনা করে থাকে।



কখনও কখনও, অর্থকে একটি ব্যক্তিগত ব্যাপার হিসাবে দেখা হয় যা খোলাখুলি আলোচনা করা হয় না।

¹ কাটিন, রাসেল, রেইড (২০১৭), অস্ট্রেলিয়াতে ঘনিষ্ঠ অংশীদারদের মধ্যে আর্থিক অপব্যবহারঃ প্রাদুর্ভাব, স্বাস্থ্য-অবস্থা, অক্ষমতা এবং আর্থিক চাপ, অস্ট্রেলিয়ান এন্ড নিউজিল্যান্ড জার্নাল অফ পাবলিক হেলথ।

সাধারণত আর্থিক অপব্যবহার নিয়ে কথা উঠলে অনেকেই বিরতবোধ করে এবং সম্মাচ্ছন্ন থাকে।

আর্থিক অপব্যবহারের লক্ষণগুলো শেখা গুরুত্বপূর্ণ, সাহায্যের জন্য কোথায় যেতে হবে এবং কিভাবে ঝুঁকিপূর্ণ সম্ভাবনাময়ী পরিবারের সদস্য বা বন্ধুকে সহায়তা করা যায়। এসব কিছুই ক্ষতিগ্রস্ত ব্যক্তির আর্থিক স্বাধীনতা পুনরুদ্ধারে সহায়ক ভূমিকা রেখে থাকে।

আর্থিক অপব্যবহারের কিছু চিহ্ন:



Bengali

আপনি কি আর্থিক অপব্যবহার জনিত সম্পর্কে নিশ্চিত নন?
নিজেকে নিম্নলিখিত প্রশ্নগুলো জিজ্ঞাসা করে দেখুনঃ



আপনার জীবনসঙ্গী কি কখনো আপনাকে
কাজের সন্ধান পেতে বা কাজে যেতে বাধা
দিয়েছে?



আপনার কাছের মানুষ কি কখনো আপনাকে
অর্থ উপার্জন করতে বা অর্জিত অর্থ ব্যয়ের
ব্যাপারে চাপ প্রয়োগ করেছে?



আপনার জীবনসঙ্গী কি সন্তানাদির
লালনপালন এবং তত্ত্বাবধানের খরচ
দিতে অস্বীকার করে?



আপনার জীবনসঙ্গী কি আপনার
পরিবারের যাবতীয় আয়-ব্যয় নিয়ন্ত্রন
করে থাকে?



আপনার জীবনসঙ্গী কি আপনার খরচের
উপর নজরদারী করে বা শপিং এর সব রসিদ
দেখতে চায়?



আপনি অর্থ চাওয়ার পরে কি কখনো
প্রত্যাখ্যান করেছে অথবা নিজের বা
সন্তানাদির মৌলিক খরচের জন্য অর্থ
চাইতে হয়েছে?



পরিবারের জন্য আয়ের প্রদায়ক হিসেবে
ভূমিকা রাখতে গিয়ে আপনাকে কি কখনো
বাধা দেয়া হয়েছে?



আপনাকে কি কখনো অর্থের বিনিময়ে
কাজ বা পক্ষাবলম্বন করতে বলা হয়েছে?



আপনার নাম ব্যবহারের মাধ্যমে
কোনো ক্রেডিট কার্ড বা ঋণ নিতে কি
বাধ্য করা হয়েছে?



আপনার জীবনসঙ্গী কি তার এবং
পরিবারের আর্থিক ব্যাপারগুলো গোপন
রাখে?



মুখ্য আর্থিক সিদ্ধান্তের
ব্যাপারে আপনার মতামত কি
উপেক্ষিত হয়?



পারিবারিক ব্যবসায় আপনাকে কি
বিনা পারিশ্রমিকে কাজ করার জন্য
চাপ দেয়া হয়েছে?

কিভাবে সাহায্য পাবেন

- আপনি বা আপনার পরিচিত কেউ আর্থিক অপব্যবহারের সম্মুখীন হলে বা অনিশ্চিত থাকলে, আপনার জন্য উপযোগী এরকম নানা রকমের পরিষেবা বিনামূল্যে পেতে পারেন।
- আমাদের সবিনয় পরামর্শ হচ্ছে, প্রথমত আপনি **1800RESPECT** এর সাথে **১৮০০ ৭৩৭ ৭৩২** তে কল করবেন। পরিষেবাটি গোপন আর বিনামূল্যে পাওয়া যায়।
- আপনার যদি একজন দোভাষী বা অনুবাদকের প্রয়োজন পরে, ট্রান্সলেটিং এন্ড ইন্টারপ্রেটিং সার্ভিসেস (TIS ন্যাশনাল) **১৩১ ৪৫০** এ কল করে নির্ধারিত ভাষা উল্লেখ করে 1800RESPECT এর সাথে ১৮০০ ৭৩৭ ৭৩২ তে সংযোগ করে দিতে বলবেন। TIS ন্যাশনাল এর এই সেবাটি বিনামূল্যে পাওয়া যায়।
- অন্যথায়, সরাসরি **১৮০০ ৭৩৭ ৭৩২** নাম্বারে কল করে দোভাষীর সাহায্য চাইতে পারেন। পরামর্শদাতা যাবতীয় ব্যবস্থা নিবেন।

বিস্তারিত নির্দেশনার জন্য [CommBank website](https://www.commbank.com.bd) এর ওয়েবসাইটে আর্থিক অপব্যবহার সম্পর্কে নির্দেশিকা পড়ুন।